# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**06-04-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া আজ শেষ হচ্ছে।

২) সুপ্রিম কোর্টে এরাজ্যের এস আই আর সংক্রান্ত মামলার আজও শুনানি রয়েছে।

৩) অনুপ্রবেশের কারণে পশ্চিমবঙ্গে জনবিন্যাস লাগাতার বদলে যাচ্ছে বলে শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিযোগ করেছেন।

রাজ্যের আধিকারিকদের বদলি নিয়ে নির্বাচন কমিশনের ভূমিকার সমালোচনা করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী।

৪) তালসারিতে জলে ডুবে অভিনেতা রাহুল অরুণোদয় ব্যানার্জীর মৃত্যুর প্রতিবাদ ও নিরাপত্তার দাবিতে অনির্দিষ্টকালের জন্য শ্যুটিং বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে আর্টিস্ট ফোরাম ও ফেডারেশন।

৫) প্রবাদ প্রতীম হৃদরোগ বিশেষজ্ঞ ডক্টর মণি ছেত্রী প্রয়াত। বয়স হয়েছিল ১০৬ বছর।

৬) ইডেনে আই পি এল ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, আজ পাঞ্জাব কিংস-এর মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া আজ শেষ হচ্ছে। আগামীকাল ৭ই এপ্রিল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ই এপ্রিল। এই পর্যায়ে ১৫২টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

এদিকে, দ্বিতীয় দফায় আগামী ২৯-শে এপ্রিল ভোটগ্রহণের জন্য মনোনয়নপত্র জমা নেওয়ার কাজ চলেছে। প্রার্থী পদ দাখিল করা যাবে ৯-ই এপ্রিল পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিবেচনাধীন ভোটারদের তথ্য যাচাই-এর কাজ প্রায় শেষ পর্বে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। গতকালই প্রকাশিত হয়েছে একাদশতম অতিরিক্ত তালিকা। বাকি বিবেচনাধীনদের নামগুলির নিঃপত্তি হবে আজকের মধ্যেই। প্রাথমিক এই বিচারপর্বের পর কোন অভিযোগ থাকলে বিচার চেয়ে ট্রাইব্যুনালে আবেদন জানানো যাবে। সুপ্রিম কোর্টে এরাজ্যে এস আই আর সংক্রান্ত মামলার সুনানি হবে আজ। বিকেলের দিকে প্রধান বিচারপতি সূর্যকান্তের বেঞ্চে মামলাটি উঠতে পারে। বিবেচনাধীনদের তালিকা নিয়ে সর্বশেষ কি পরিস্থিতি রয়েছে, কমিশনের সেবিষয়ে বক্তব্য শুনতে পারে সুপ্রিম কোর্ট।

উল্লেখ্য আগামী ২৩-শে এপ্রিল রাজ্যের প্রথম দফার নির্বাচন। মোট ১৫২-টি কেন্দ্রে ওই দিন ভোট গ্রহণ হবে। এই প্রেক্ষিতে সুপ্রিম কোর্টে আজ কি হয় সেদিকে নজর রয়েছে সাধারণ মানুষের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক গতকাল পূর্ব মেদিনীপুর জেলায় পর্যালোচনা বৈঠক করেন। এতে জেলার নির্বাচনী ও প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়।

জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার, ডিআইজি, রিটার্নিং অফিসার, অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার, মহকুমাশাসক, বিডিও, ডিএসপি, এসডিপিও এবং থানার আইসি-ওসি-সহ সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তারা উপস্থিত ছিলেন।

এছাড়াও বৈঠকে কমিশনের নিযুক্ত পুলিশ পর্যবেক্ষক, নির্বাচন কমিশনের প্রিন্সিপাল সেক্রেটারি ও সেক্রেটারি এবং পশ্চিমাঞ্চলের এডিজি উপস্থিত ছিলেন ।

বৈঠকে আইনশৃঙ্খলা পরিস্থিতি, বুথভিত্তিক প্রস্তুতি, নিরাপত্তা ব্যবস্থা এবং অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার কৌশল নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে। নির্বাচন কমিশনের তরফে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে, ভোট প্রক্রিয়ায় কোনওরকম গাফিলতি বরদাস্ত করা হবে না।

ooooooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচন ঘোষণার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। **জলপাইগুড়িও** তার ব্যতিক্রম নয়।

ভোটের দিন এগিয়ে আসায়, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র। **একটি প্রতিবেদন-**

**(ভয়েসকাস্ট – চন্দনা)**

ooooooooooooooooooooooooo

অনুপ্রবেশের কারণে পশ্চিমবঙ্গে জনবিন্যাস লাগাতার বদলে যাচ্ছে বলে শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিযোগ করেছেন। গতকাল কোচবিহারের রাসমেলা ময়দানে এক জনসভায় ভাষণে শ্রী মোদী বলেন, রাজ্যের শাসক দল অনুপ্রবেশকারীদের রক্ষা কর্তার ভূমিকা পালন করছে। তাই, এস আই আর-এর বিরোধিতায় সরব হয়েছে তারা।

(বাইট – দুর্নীতি)

রাজ্যের আইনশৃঙ্খলা ব্যবস্থা কার্যত ভেঙে পড়েছে বলে অভিযোগ করেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের সীমাহীন দুর্নীতি, হিংসা এবং শাসন ব্যবস্থার চূড়ান্ত অধঃপতন দেখে রাজ্যবাসীর মনে ক্ষোভের সঞ্চার হয়েছে। সম্প্রতি মালদার মোথাবাড়িতে যে ঘটনা ঘটেছে, তা মহা জঙ্গলরাজকেই তুলে ধরে বলে অভিযোগ করেছেন তিনি।

(বাইট – মোথাবাড়ি)

সিন্ডিকেটরাজ নির্মূল করে সুশাসন প্রতিষ্ঠার জন্য রাজ্যে বিজেপি সরকার গড়ে ওঠা দরকার বলে শ্রী মোদী মন্তব্য করেন।

নির্বাচনের পর দুর্নীতিবাজদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী। পাশাপাশি এরাজ্যে কৃষকরা ফসলের ন্যায্য দাম পাচ্ছেন না বলেও তাঁর অভিযোগ।

ooooooooooooooooooooooooo

এদিকে, নির্বাচন কমিশনের ভূমিকার ফের কঠোর সমালোচনা করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। গতকাল একাধিক সভায় যোগ দিয়ে তিনি বলেন, রাজ্যের আধিকারিকদের যেভাবে একের পর এক বদলি করা হচ্ছে, তাতে প্রশাসনিক কাজকর্ম ব্যাহত হচ্ছে।

(বাইট – মমতা )

সভা থেকে তিনি দলের বিদায়ী বিধায়ক মণিরুল ইসলামকে অবিলম্বে মনোনয়নপত্র প্রত্যাহারের হুশিয়ারী দেন। উল্লেখ্য, দলের টিকিট না পেয়ে মণিরুল নির্দল পার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার গোসাবায় এক জনসভা থেকে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গোষ্ঠী দ্বন্দ্ব সম্পর্কে দলের নেতাদের হুঁশিয়ারী দিয়েছেন। আসন্ন নির্বাচনে বিজেপি ৫০-এর নীচে আসন পাবে বলে মন্তব্য করেন তিনি।

প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরীও জেলার বিভিন্ন প্রান্তে প্রচারে অংশ নিচ্ছেন।

বামফ্রন্ট এবং সহযোগী দলগুলির প্রার্থীরা আজ দক্ষিণ কলকাতার হাজরা মোড় থেকে মিছিল করে মনোনয়নপত্র জমা দেবেন।

ooooooooooooooooooooooooooo

তালসারিতে জলে ডুবে অভিনেতা রাহুল অরুনোদয় ব্যানার্জির মৃত্যুর প্রতিবাদ এবং শুটিং স্পটে নিরাপত্তার দাবিতে অনির্দিষ্টকালের জন্য শুটিং বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে আর্টিস্ট ফোরাম এবং ফেডারেশন। গতকাল বিকেলে টেকনিশিয়ানস স্টুডিওতে আর্টিস্ট ফোরাম ও ফেডারেশন এর মধ্যে একটি বৈঠক হয়। ফোরামের সম্পাদক শান্তিলাল মুখোপাধ্যায় জানান নিরাপত্তার জন্য এবং সকলের জীবন রক্ষার জন্য তাদের এই লড়াই।

(বাইট – শান্তিলাল)

ooooooooooooooooooooooooooo

প্রবাদ প্রতীম হৃদরোগ বিশেষজ্ঞ ডক্টর মণি ছেত্রী প্রয়াত। বয়স হয়েছিল ১০৬ বছর। বেশকিছুদিন বার্ধক্যজনিত নানা অসুস্থতায় ভুগছিলেন তিনি। গতকাল বালিগঞ্জে

নিজের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বিখ্যাত্ এই চিকিৎসক। ১৯২০ সালের ২৩-শে মে দার্জিলিং-এ জন্মগ্রহণ করেন তিনি। ১৯৪৪-এ ডাক্তারিতে স্নাতক এবং ১৯৪৯-এ স্নাতকোত্তর পাশ করেন। লন্ডন থেকে এম আর সি পি ডিগ্রীর পাশাপাশি আমেরিকার কলেজ অফ কার্ডিওলজি থেকে ফেলোশিপ করেন। স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন, এস এস কে এম-এ বহু দিন কাজ করেছেন মণি ছেত্রী। IPGMER-এর অধিকর্তার দায়িত্বও সামলেছেন। ছিলেন রাজ্যের স্বাস্থ্য অধিকর্তাও। চিকিৎসা ক্ষেত্রে অবদানের স্বীকৃতি স্বরূপ বহু সম্মানের পাশাপাশি ১৯৭৪ সালে ভূষিত হন পদ্মশ্রী-তে। বিশিষ্ট এই চিকিৎসকের প্রয়াণে স্বাস্থ্য ক্ষেত্রে শোকের ছায়া নেমে এসেছে।

ডাক্তারদের সংগঠন ওয়েস্ট বেঙ্গল ডক্টর্স ফোরাম ডক্টর মণি ছেত্রীর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে।

oooooooooooooooooooooooo

নিম্নচাপ অক্ষরেখা এবং প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় রাজ্যজুড়ে আগামী বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা। আজ পুরুলিয়া, ঝাড়গ্রাম পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতেও হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর এর বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

আগামীকাল থেকে সব জেলাতেই বৃষ্টির পরিমাণ বাড়বে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রি কম।

oooooooooooooooooooooooo

ইডেনে আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। কেকেআর তাদের খেলা প্রথম দুই ম্যাচে পরাজিত হয়েছে।

ooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooo